

নিয়োগ পত্র

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০০৫.১৭.১৫৭৪

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪২৫  
০২ ডিসেম্বর ২০১৮

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ২০তম গ্রেডের (৪র্থ শ্রেণির) 'অফিস সহায়ক' পদে মুক্তিযোদ্ধা কোটায় নিম্নবর্ণিত প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতনস্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	নিজ জেলা	পদের নাম	বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)
১.	৭৮৬৫	মোঃ মেহেদী হাসান পিতার নাম-মোঃ গিয়াস উদ্দিন	কুড়িগ্রাম	'অফিস সহায়ক'	টাঃ ৮২৫০-২০০১০/-

নিয়োগের শর্তাবলী :

ক. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

খ. (প্রযোজ্য ক্ষেত্রে) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।

গ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরীর অবসান ঘটাতে পারবেন।

ঘ. নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

ঙ. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

চ. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

ছ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

জ. চাকুরীতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সরকারের প্রচলিত বিধি অনুযায়ী।

ঝ. প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহের অংগীকারাবদ্ধ হলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

ঞ. কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র (Release Letter) গ্রহণপূর্বক জমা দিতে হবে।

ট. তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে।

ঠ. এ চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০২। উপরি-উক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৪/১২/২০১৮ তারিখের মধ্যে উপসচিব(প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

5/8/-

(মোঃ গোলাম মোস্তফা)

উপসচিব

ফোন : ৯৫৭৬৬৯৬


ই-মেইলঃ dsmofla@gmail.com

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০০৫.১৭.১৫৭৪

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪২৫  
০২ ডিসেম্বর ২০১৮

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ উপসচিব (নিরাপত্তা-২) নিয়োগপত্র প্রদর্শন সাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ]।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। জনাব মোঃ মেহেদী হাসান, পিতা-মোঃ গিয়াস উদ্দিন, গ্রাম-পশ্চিম ছাট গোপালপুর, ডাকঘর-ফুলকুমার, উপজেলা-ভূরঙ্গামারী, জেলা-কুড়িগ্রাম।
- ১৪। অফিস কপি।

  
(মোঃ গোলাম মোস্তফা)  
উপসচিব